

**প্লট/ফ্ল্যাট হস্তান্তর সংক্রান্ত
প্রয়োজনীয় কাগজপত্রাদির তালিকা (০৫ সেট দাখিল করণ)**

ক্রঃ/নং	বিবরণ	ক্রোতা/বিক্রেতা
১।	সংশ্লিষ্ট প্লটের বরাদ্দপত্রের সত্যায়িত ছায়ালিপি ০৫ কপি।	বিক্রেতা
২।	রেজিস্ট্রিকৃত লীজ দলিলের সত্যায়িত ছায়ালিপি ০৫ সেট (দ্বিতীয় পর্যায়ে বিক্রীর ক্ষেত্রে বায়া দলিলসহ নামজারী পত্রের সত্যায়িত ছায়ালিপি ০৫ সেট)	
৩।	পজেশন গ্রহন/হস্তান্তর সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি ০৫ কপি।	
৪।	ফ্ল্যাট হস্তান্তর দাতার ৩০০/- টাকা মূল্যের স্ট্যাম্প হলফনামা (ছবিসহ) যা নোটারী পাবলিক কর্তৃক প্রত্যয়িত মূলকপিসহ সত্যায়িত ছায়ালিপি ০৫ সেট।	
৫।	আলোচ্য প্লটে বাড়ী নির্মাণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদিত বিল্ডিং নকশার (আর্কিটেকচারাল নকশা) সত্যায়িত ছায়ালিপি ০৫ কপি।	
৬।	বিক্রেতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি ০৫ কপি।	
৭।	প্লট মালিক/ডেভেলপারের সাথে প্লট/ফ্ল্যাট ক্রেতার সম্পাদিত চুক্তিপত্র ও আম-মোক্তার দলিলের সত্যায়িত ছায়ালিপি ০৫ সেট।	
৮।	প্রস্তাবিত ক্রেতার পাসপোর্ট সাইজের ছবি সম্বলিত জীবন বৃত্তান্ত ০৫ কপি।	ক্রোতা
৯।	প্রস্তাবিত ক্রেতার স্থায়ী ঠিকানার ভিত্তিতে জন-প্রতিনিধি কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়ালিপি ০৫ কপি।	
১০।	প্রস্তাবিত ক্রেতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ছায়ালিপি ০৫ কপি।	
১১।	প্রস্তাবিত ক্রেতা প্রবাসি হলে দ্বৈত নাগরিকত্ব সনদ, বিদেশী পাসপোর্ট এবং অন্যান্য প্রয়োজনীয় প্রমানপত্রের (হলফনামাসহ) সত্যায়িত ছায়ালিপি ০৫ কপি।	
১২।	প্রস্তাবিত ক্রেতার ব্যাংক স্বচ্ছলতা প্রমান পত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়ালিপি ০৫ কপি।	
১৩।	ডিজিএফআই এর চাহিদা মোতাবেক প্রস্তাবিত ক্রেতার টিআইএন সনদপত্র এবং বিগত তিন অর্থবছরের আয়কর প্রদানের নথিপত্র (ট্যাক্স বিবরণী/সম্পদ বিবরণী, প্রাপ্তি স্বীকার/রিসিস্ট, ট্যাক্স সনদপত্র/প্রত্যায়নপত্র) এর সত্যায়িত ছায়ালিপি ০৫ কপি। প্রবাসি হলে ফ্ল্যাট ক্রয়ের অর্থ (রেমিটেন্স) প্রেরণের নথিপত্রসহ দ্বৈত নাগরিকত্ব সনদের সত্যায়িত ছায়ালিপি ০৫ কপি।	
১৪।	সংশ্লিষ্ট ক্রেতার ৩০০/- টাকা মূল্যের স্ট্যাম্প ০২টি হলফনামা (ছবিসহ) যার একটি নোটারী পাবলিক কর্তৃক প্রত্যায়নকৃত এবং অপরটি ১ম শ্রেণীর/নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রত্যায়নকৃত মূলকপিসহ উভয়ের সত্যায়িত (নমুনা সংযুক্ত)	
১৫।	ডিজিএফআই এর ছক মোতাবেক স্বাক্ষরসহ ক্রেতা-বিক্রেতার নিম্নোক্ত তথ্যাবলি মূলকপিসহ ০৫ সেট ছায়ালিপি উপযুক্ত ব্যক্তি দ্বারা সত্যায়িত করে প্রেরণ: (ক) প্রতি স্কয়ার ফিট এর মূল্য ও ফ্ল্যাটের সর্বমোট মূল্য সংক্রান্ত তথ্যাদি। (খ) ক্রেতার আয়ের উৎস সংক্রান্ত তথ্যাদি। (গ) ক্রেতা কর্তৃক মূল্য পরিশোধের পদ্ধতি (Mode of payment)। (ঘ) ছকে বর্ণিত অন্যান্য তথ্য।	ক্রোতা ও বিক্রেতা
১৬।	সংশ্লিষ্ট প্রকৌশলীগণের প্রতিবেদনসহ ক্যান্টনমেন্ট বোর্ডের ছাড়পত্রের ছায়ালিপি (পার্কিং ও ফ্ল্যাটের মোট আয়তন উল্লেখসহ) ০৫ কপি।	

৩০/০৭/২০

(মুকনাহার)
(যুগ্মসচিব)

সামরিক ডু-সম্পত্তি প্রশাসক
কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস।